যুগান্তর

তারিখ 14 JUL 2009
পৃষ্ঠা ... কলাম ...

# বরিশালে শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে ছাত্রী উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

বরিশাল ব্যুরো

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক রঞ্জন পুরকায়স্থর বিরুদ্ধে মাধ্যমিক ছাত্রীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। তিনি চাঁদার নাম করে প্রতি ছাত্রীর কাছ থেকে নির্দিষ্ট হারে এই টাকা আত্মসাৎ করেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, শুক্রবার নগরীর অমৃত লাল দে মহাবিদ্যালয়ে ৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মাঝে উপবৃত্তির টাকা বিতরণ করা হয়। অমৃত লাল দে কলেজ, বাঘিয়া আল আমিন বহুমুখী কামিল মাদ্রাসা, মহানগর কলেজ এবং কাশিপুর হাইস্কুল এন্ড কলেজের ১৮৬ ছাত্রীর মাঝে এই উপবৃত্তি দেয়া হয়। মানবিক বিভাগে ১ হাজার ৩৬০ টাকা, ব্যবসায় বিভাগে ১৬শ' এবং বিজ্ঞান বিভাগের ছাত্রীদের ১৮শ' টাকা করে প্রদান করার কথা থাকলেও, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মানবিক ছাত্রীদের কাছ থেকে ১শ' এবং বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের ছাত্রীদের কাছ থেকে ২শ' টাকা করে কেটে রাখেন। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরাও টাকা নেয়ার কথা স্বীকার করেন।